দৈনিক জনকণ্ঠ

তারিখ 18 DEC 2015
পৃষ্ঠা ১৯ কলাম ৮

# হাফ ভাড়া না নেয়ায় জাবি শিক্ষার্থীদের ২১ বাস আটক, পরে সমঝোতা

জাবি সংবাদদাতা । গণপরিবহনে শিক্ষার্থীদের কাছ থেকে হাফ ভাড়া নেয়ার কথা থাকলেও তার কোন তোয়াক্কা করছে না কয়েকটি পরিবহন। শিক্ষার্থীদের কাছ থেকে হাফ ভাড়া না নিলে সংশ্লিষ্ট পরিবহনের বিরুদ্ধে ব্যবস্থা নেয়া হবে- সড়কমন্ত্রী ওবায়দুল কাদেরের এমন বক্তব্যের পরও তা মেনে চলছে না পরিবহন মালিকরা। সরকারী নির্দেশনাকে বুড়ো আঙুল দেখিয়ে মিরপুর-চন্দ্রা রুটে চলাচলকারী ইতিহাস পরিবহন 'হাফ ভাড়া বিষয়টিকে নিয়েছে তাচ্ছিল্যের সঙ্গে। ইতিহাস পরিবহনের বাসগুলোর প্রত্যেকটিতে 'হাফ পাস নাই' লেখা স্টিকার লাগানো রয়েছে। বিশেষত শিক্ষার্থীদের কাছ থেকে হাফ ভাড়া না নেয়ার জন্যই পরিবহন কর্তৃপক্ষ এমন স্টিকার লাগিয়েছে। শিক্ষার্থীদের কাছ থেকে হাফ ভাড়া নেয়ার দাবিতে ইতিহাস পরিবহনের ২১ বাস আটক করে জাবি শিক্ষার্থীরা বিশ্ববিদ্যালয়ের প্রধান ফটকের সামনে আটকে রাখে। বিকেলে বিশ্ববিদ্যালয়ের পরিবহন চত্বরে পরিবহন সংশ্লিষ্টদের সঙ্গে এক বৈঠকে বিষয়টি সমঝোতা হয়।